দৈনিক ইত্তেফাক

তারিখ 0 . MAY ....
পৃষ্ঠা ... 7 ... কলাম ৪ ...

## চট্টগ্রামে পলিটেকনিক ছাত্র সংঘর্ষে ২৮ জন আহত

(চট্টগ্রাম অফিস)

গতকাল (রবিবার) চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট রেলওয়ে হল্ট ছাউনির নিকটে ২টি ছাত্র

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### চট্টগ্রাম পলিটেকনিক

(১ম পৃঃ পর)

সংগঠনের কর্মী ও সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এসময় উভয় পক্ষ বোমা বিস্ফোরণ ও ফাঁকা গুলী বর্ষণ করে। ধাওয়া এবং পাল্টা ধাওয়া চলে। জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (হা-অ) উভয়ই পরস্পরকে ঘটনার জন্য দায়ী করিয়াছে। ছাত্রদল তাহাদের ১৭ জন এবং ছাত্র লীগ তাহাদের ১১ জন কর্মী ও সমর্থক আহত হইয়াছে বলিয়া দাবী করে। তবে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ সূত্রে জানা যায়, জরুরী বিভাগে মাত্র ৪ জনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। উল্লেখ্য, দীর্ঘদিন বন্ধ থাকার পর গত শনিবার ইনষ্টিটিউটের ক্লাস শুরু হয়।

ইনষ্টিটিউট খোলার পর গত শনিবার সকালেও ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। আগামী ১২ই মে ইন্সটিটিউটের বিভিন্ন বর্ষের ছাত্রদের পর্ব পরীক্ষা শুরু হইবে।